উপজেলা পরিষদ

গোপালপুর, টাঙ্গাইল

## জুলাই/২০২৩ মাসের মাসিক সভা (৫১ তম) এর কার্যবিবরণী

স্মারক নং- ০৫.৪১.৯৩৩৮.০০০.০৭.০২০.১১- ৩৬৫ তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ / ১৩ জুলাই ২০২৩

সভাপতি: মোঃ ইউনুছ ইসলাম তালুকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোপালপুর, টাঙ্গাইল।

স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, গোপালপুর, টাঙ্গাইল।

তারিখ ও সময়: ১৩ জুলাই ২০২৩ খ্রি:, বেলা: ১১-০০ টা।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় জুন/২০২৩ মাসের কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| প্রতিষ্ঠান/বিষয় | আলোচ্য বিষয় | আলোচনায় সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশলী, গোপালপুর | উপজেলা প্রকৌশলী, গোপালপুর সভাকে জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান, ২০২২-২৩ অর্থবছর সমাপান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ গত ২৬ জুন ২০২৩ তারিখে মাসের শেষ কর্মদিবসে উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়। তিনি স্থানান্তরিত অর্থ দ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য সভায় আহ্বান জানান। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানান্তরিত অর্থ দ্বারা পরিশিষ্ট-ক তালিকা মোতাবেক প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, গোপালপুর |
| স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী | উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর সভাকে জানান যে, উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী দপ্তরে এ মাসে কোন সভা অনুষ্ঠিত হয় নি। তিনি নিয়মিত ২ (দুই) মাস অন্তর উপজেলা পরিষদের সভা আয়োজনের জন্য স্থায়ী কমিটির সভাপতিদ্বয়কে অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রতি ০২ (দুই) মাস অন্তর অন্তর উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী দপ্তরের কমিটির সভা আহ্বান ও কার্যবিবরণী প্রস্তুত করে সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সভাপতি, স্থায়ী কমিটি<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |
| বাসা ভাড়া ও গ্যাস বিল অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর সভাকে জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর তাঁর জন্য নির্ধারিত উপজেলা পরিষদের অভ্যন্তরস্থ কোয়ার্টারে অবস্থান করেন না বিধায় জুন/২০২৩ মাসের ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) মাসিক ভাড়া প্রাপ্তির আবেদন করেছেন। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও ১এ/১ নং বাসার জুন/২০২৩ গ্যাস বিল বাবদ ২,১৬০/- (দুই হাজার একশত ষাট মাত্র) টাকা তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভার নিকট উপস্থাপন করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বাসা ভাড়া বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |
| সম্মানী ভাতা, বেতন ও আনুসাঙ্গিক ব্যয় অনুমোদন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর জুন/২০২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ৪০,০০০/- (চল্লিশ হাজার মাত্র), ভ্রমণ ভাতা ৫,৬২৫/- (পাঁচ হাজার ছয়শত পঁচিশ টাকা মাত্র) ২। জনাব মীর রেজাউল হক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর সম্মানী ভাতা ২৭,০০০/- (সাতাশ হাজার টাকা মাত্র), ভ্রমণ ভাতা বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) ৩। জনাব মরিয়ম আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর সম্মানী ভাতা ২৭,০০০/- (সাতাশ হাজার টাকা মাত্র), ভ্রমণ ভাতা বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) বিল পাওয়া যায়। এছাড়া উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার মাত্র), উপজেলা পরিষদের চেয়ারম্যান কার্যালয়ের আনুসাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) এবং মেয়র, গোপালপুর পৌরসভার এপ্রিল/২০২৩ মাসের পানির বিল বাবদ ১৫,০০০/- (পনেরো হাজার মাত্র) টাকা পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়া উপজেলা পরিষদের টেকনিশিয়ান জনাব মোঃ সায়েদুজ্জামান এর জুন/২০২৩ মাসের বেতন বাবদ ১৬৫০০/- (ষোল হাজার পাঁচশত মাত্র), মালী জনাব মোঃ জুয়েল রানা এর জুন/২০২৩ মাসের বেতন বাবদ ১৬৫০০/- (ষোল হাজার পাঁচশত মাত্র) এবং ঝাড়ুদার জনাব চাপাতিয়া বাসফোর এর জুন/২০২৩ মাসের বেতন বাবদ ১৬৫০০/- (ষোল হাজার পাঁচশত মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে কলাম-২ এ উল্লিখিত সম্মানী/ভ্রমণ ভাতা/বেতন ও অন্যান্য আনুসাঙ্গিক ব্যয় বিধিমোতাবেক চেকের বিপরীতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদের আনসার জনাব মোঃ জয়নাল আবেদীন এর জুন/২০২৩ মাসের বেতন বাবদ ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জীপগাড়ির জুন/২০২৩ মাসের জ্বালানী ও লুব্রিকেন্ট বাবদ প্রাপ্ত ২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত মাত্র) টাকার ভাউচার, জুন/২০২৩ মাসের ইন্টারনেট বিল বাবদ প্রাপ্ত ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়াও উপজেলা পরিষদের অভ্যন্তরস্থ পরিচ্ছন্নতা ব্যয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার মাত্র) বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট অনুরোধ জানান। | | |
| অন্যান্য বিল অনুমোদন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, উপজেলা পরিষদের পত্রিকা বিল বাবদ ২২৩৮/- (দুই হাজার দুইশত আটত্রিশ মাত্র), টেলিফোন বিল বাবদ ৯৭৭৬/- (নয় হাজার সাতশত ছিয়াত্তর মাত্র) এবং মে/২০২২ মাস হতে জুন/২০২৩ পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ ৩,৭৮,৪০১/- (তিন লক্ষ আটাত্তর হাজার চারশত এক মাত্র) ভাউচার পাওয়া গেছে। তিনি উক্ত ব্যয়ের অনুমোদনের জন্য সভার নিকট উপস্থাপন করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ৭০,০০০/- (সত্তর হাজার মাত্র) প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |
| অপ্রত্যাশিত উপখাতে ব্যয় | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, উপজেলার ঝাওয়াইল ও হেমনগর ইউনিয়নে যমুনা তীরবর্তী গ্রামসমূহের চলতি বর্ষা মৌসুমে ভাঙ্গনের ফলে বেশ কিছু ঘরবাড়ি নদীগর্ভে বিলীন হয়ে গেছে। তিনি উক্ত পরিবারসমূহকে সহযোগিতা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থবছরের উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত উপখাত হতে ৫ (পাঁচ) লক্ষ টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, গোপালপুর |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে একনিষ্ঠভাবে দায়িত্ব পালনের জন্য একান্তভাবে ধন্যবাদ জানান। সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ ও জনপ্রতিনিধিগণকে দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি উপজেলা পরিষদের আওতাধীন সকল দপ্তরসমূহকে বর্তমান সরকারের ভিশন ও মিশন বাস্তবায়নের লক্ষ্যে একযোগে কাজ করার বিষয়ে মনোযোগী হবার পরামর্শ দেন।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ইসলাম তালুকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোপালপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৪১.৯৩৩৮.০০০.০৭.০২০.১১- ৬৩৫

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ / ১৩ জুলাই ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। জনাব ছোট মনির, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩১, টাঙ্গাইল-২।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।

০৪। মেয়র, গোপালপুর পৌরসভা, গোপালপুর, টাঙ্গাইল।

০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল।

০৬। উপজেলা ............................................ কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল।

০৭। চেয়ারম্যান, ............................................ ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল।

০৮। ..........................................................................................................

০৯। অফিস কপি।

১৩.৭.২০২৩

(আসফিয়া সিরাত)
উপজেলা নির্বাহী অফিসার
গোপালপুর, টাঙ্গাইল।
ফোন: +৮৮০২৯৯৭৭৫৭৬০১
email: unogopalpur@mopa.gov.bd

উপজেলা পরিষদ

গোপালপুর, টাঙ্গাইল

আগস্ট/২০২৩ মাসের মাসিক সভা (৫২ তম) এর কার্যবিবরণী

স্মারক নং- ০৫.৪১.৯৩৩৮.০০০.০৭.০২০.১১- ৭৯৭ তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০ / ১০ আগস্ট ২০২৩

সভাপতি: মোঃ ইউনুছ ইসলাম তালুকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোপালপুর, টাঙ্গাইল।

স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, গোপালপুর, টাঙ্গাইল।

তারিখ ও সময়: ১০ আগস্ট ২০২৩ খ্রি:, বেলাঃ ১১-০০ টা।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা ও তাঁর পরিবারের শাহাদতবরণকারী সকল সদস্যকে গভীর শ্রদ্ধায় স্মরণ করা হয়। অত:পর জুলাই/২০২৩ মাসের কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| প্রতিষ্ঠান/বিষয় | আলোচ্য বিষয় | আলোচনায় সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশলী, গোপালপুর | উপজেলা প্রকৌশলী, গোপালপুর সভাকে জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি চলমান উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি প্রকল্প বাস্তবায়নে বিধিমোতাবেক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| | তিনি জানান, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারের বাসা নং ১-এ/১, ও বাসা নং ১-এ/৪ এবং স্টাফ কোয়ার্টারের বাসা নং- ১ বি/২ এর মেরামত করা প্রয়োজন। তিনি এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য সভার নিকট অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রতিটি বাসা মেরামতের জন্য ২ (দুই) লক্ষ টাকা মাত্র হারে মোট ৬ (ছয়) লক্ষ টাকা মাত্র উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট পিআইসি কমিটি |
| | তিনি আরো জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে সিসি ক্যামেরা সংযোজন ও সচল করা প্রয়োজন। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সিসি ক্যামেরা ক্রয় বাবদ অর্থ বরাদ্দসহ এ বিষয়ে প্রকল্প গ্রহণের জন্য সভায় আহ্বান জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরা সংযোজনের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল হতে ০৩ (তিন) লক্ষ টাকা মাত্র ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধিমোতাবেক প্রকল্প গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, গোপালপুরকে অনুরোধ জানানো হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, গোপালপুর |
| | তিনি আর জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও হলরুমের কিছু আসবাবপত্র বর্তমানে পুরোনো এবং ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। নতুন কিছু আসবাবপত্র ক্রয় করা আবশ্যক। এমতাবস্থায়, তিনি আসবাব ক্রয়ের প্রকল্প গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আসবাবপত্র ক্রয়ের জন্য ০৩ (তিন) লক্ষ টাকা মাত্র উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, গোপালপুর |
| স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী | উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর সভাকে জানান যে, উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী দপ্তরে এ মাসে কোন সভা অনুষ্ঠিত হয় নি। তিনি নিয়মিত ২ (দুই) মাস অন্তর উপজেলা পরিষদের সভা আয়োজনের জন্য স্থায়ী কমিটির সভাপতিদ্বয়কে অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রতি ০২ (দুই) মাস অন্তর অন্তর উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী দপ্তরের কমিটির সভা আহ্বান ও কার্যবিবরণী প্রস্তুত করে সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সভাপতি, স্থায়ী কমিটি<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান। |
| বাসা ভাড়া ও গ্যাস বিল অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর সভাকে জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর তাঁর জন্য নির্ধারিত উপজেলা পরিষদের অভ্যন্তরস্থ কোয়ার্টারে অবস্থান করেন না বিধায় জুলাই/২০২৩ মাসের ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) মাসিক ভাড়া প্রাপ্তির আবেদন করেছেন। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও ১এ/১ নং বাসার জুলাই/২০২৩ গ্যাস বিল বাবদ ২,১৬০/- (দুই হাজার একশত ষাট মাত্র) টাকা তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভার নিকট উপস্থাপন করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বাসা ভাড়া বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |
| উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর | উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগ এর উপজেলা-০১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০ (অংশ-১)-৩৫৩, তারিখ: ২৪ জুলাই ২০২৩ মোতাবেক উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত যে সকল সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও গাড়ি চালকদের চাকরি ১০ বছর পূর্ণ হয়েছে; অর্থ বিভাগের (বাস্তবায়ন অনুবিভাগ) ২০ অক্টোবর ২০২২ তারিখের ১১৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৭(১) এর আলোকে উপজেলা পরিষদে কর্মরত দুজন কর্মচারী জনাব সোহেল রানা, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, গোপালপুর এবং জনাব মো: শহীদুর রহমান, গাড়িচালক, উপজেলা পরিষদ, গোপালপুর এর নিকট হতে আবেদন পাওয়া গেছে। যাচাইয়ান্তে দেখা যায় যে, উভয় কর্মচারীর চাকুরীর বয়স ১০ (দশ) বছর পূর্তি হয়েছে। তিনি স্থানীয় সরকার বিভাগের পত্রের আলোকে উক্ত কর্মচারীদ্বয়ের উচ্চতর গ্রেড প্রদানের পরবর্তী বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট উপস্থাপন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জনাব সোহেল রানা, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, গোপালপুর এবং জনাব মো: শহীদুর রহমান, গাড়িচালক, উপজেলা পরিষদ, গোপালপুর এর বিরুদ্ধে মামলা না থাকায় তাদের উচ্চতর গ্রেড প্রদানের পরবর্তী বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা হিসাবরক্ষণ অফিসার, গোপালপুরকে অনুরোধ জানানো হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর<br>৩। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, গোপালপুর |

| | | | |
|---|---|---|---|
| ভবিষ্য তহবিল (সিপিএফ) গঠন | উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর সভাকে আরো জানান যে, উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের ভবিস্য তহবিলের বিষয়টি বিবেচনায় উপজেলা পরিষদের কর্মচারী (চাকুরি) বিধিমালা ২০১০ এর (৮ম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের যোগদানের সাথে সাথে ভবিষ্য তহবিল গঠন করা যাবে। সে মতে উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের ভবিস্য তহবিল গঠনের বিষয়টি সভায় উপস্থাপন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে , উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের ভবিস্য তহবিলের বিষয়টি উপজেলা পরিষদের কর্মচারী (চাকুরি) বিধিমালা ২০১০ এর (৮ম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক গঠনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা হিসাবরক্ষণ অফিসার, গোপালপুরকে অনুরোধ জানানো হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর<br>৩। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, গোপালপুর |
| মশক নিধন ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, বর্তমানে দেশের প্রায় সব জায়গায় ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব ঘটছে। ডেঙ্গুর প্রকোপ থেকে বাঁচতে উপজেলা পরিষদের অভ্যন্তরে মশক নিধন ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা জরুরি। তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে মশক নিধন অভিযান পরিচালনা করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০ (দশ) হাজার টাকা মাত্র ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |
| অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ ও মেরামত বাবদ ব্যয় | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ের কম্পিউটার ও ফটোকপি মেশিন মেরামত করা প্রয়োজন। তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান। | এ বিষয়ের বিস্তারিত আলোচনান্তে কম্পিউটার ও ফটোকপি মেশিন মেরামত বাবদ অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |
| সম্মানী ভাতা, বেতন ও আনুসাঙ্গিক ব্যয় অনুমোদন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর জুলাই/২০২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ৪০,০০০/- (চল্লিশ হাজার মাত্র), ভ্রমণ ভাতা ৫,৬২৫/- (পাঁচ হাজার ছয়শত পঁচিশ টাকা মাত্র) ২। জনাব মীর রেজাউল হক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর সম্মানী ভাতা ২৭,০০০/- (সাতাশ হাজার টাকা মাত্র), ভ্রমণ ভাতা বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) ৩। জনাব মরিয়ম আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর সম্মানী ভাতা ২৭,০০০/- (সাতাশ হাজার টাকা মাত্র), ভ্রমণ ভাতা বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) বিল পাওয়া যায়। এছাড়া উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার মাত্র), উপজেলা পরিষদের চেয়ারম্যান কার্যালয়ের আনুসাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) এবং মেয়র, গোপালপুর পৌরসভার মে/২০২৩ মাসের পানির বিল বাবদ ১৫,০০০/- (পনেরো হাজার মাত্র) টাকা পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়া উপজেলা পরিষদের টেকনিশিয়ান জনাব মোঃ সায়েদুজ্জামান এর জুলাই/২০২৩ মাসের বেতন বাবদ ১৭০৫০/- (সতেরো হাজার পঞ্চাশ মাত্র), মালী জনাব মোঃ জুয়েল রানা এর জুলাই/২০২৩ মাসের বেতন বাবদ ১৭০৫০/- (সতেরো হাজার পঞ্চাশ মাত্র) এবং ঝাড়ুদার জনাব চাপাতিয়া বাসফোর এর জুলাই/২০২৩ মাসের বেতন বাবদ ১৭০৫০/- (সতেরো হাজার পঞ্চাশ মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। উপজেলা পরিষদের আনসার জনাব মোঃ জয়নাল আবেদীন এর জুলাই/২০২৩ মাসের বেতন বাবদ ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জীপগাড়ির জুলাই/২০২৩ মাসের জ্বালানী ও লুব্রিকেন্ট বাবদ প্রাপ্ত ২৪,৩০০/- (চব্বিশ হাজার তিনশত মাত্র) টাকার ভাউচার, জুলাই/২০২৩ মাসের ইন্টারনেট বিল বাবদ প্রাপ্ত ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়াও উপজেলা পরিষদের অভ্যন্তরস্থ পরিচ্ছন্নতা ব্যয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার মাত্র) বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট অনুরোধ জানান। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে কলাম-২ এ উল্লিখিত সম্মানী/ভ্রমণ ভাতা/বেতন ও অন্যান্য আনুসাঙ্গিক ব্যয় বিধিমোতাবেক চেকের বিপরীতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |
| হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি অনুমোদন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, ইউনিয়ন পর্যায়ে হাটবাজার সমূহের সুষ্ঠু তদারকি, পরিচালনা ও রক্ষণাবেক্ষনের নিমিত্তে গোপালপুর উপজেলায় 'উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি' গঠন করা প্রয়োজন। এমতাবস্থায়, তিনি এ কমিটির জন্য প্রাপ্ত প্রস্তাব সভায় উপস্থাপন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত কমিটিতে 'উপজেলা কৃষি অফিসার, গোপালপুর'কে সদস্য, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুরকে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর কর্তৃক মনোনীত সদস্য এবং সদস্য সচিব, হাদিরা ইউনিয়ন হাটবাজার ব্যবস্থাপনা কমিটি ও সদস্য সচিব, ঝাওয়াইল ইউনিয়ন হাটবাজার ব্যবস্থাপনা কমিটি, গোপালপুরকে উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভূক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোপালপুর এর স্মারক নং-০৫.৩০.৯৩৩৮.০০০.১৮.০০৪.২৩-৩৭১, তারিখ: ০১ আগস্ট ২০২৩ খ্রি: তারিখে গঠিত কমিটি অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |

| | | | |
|---|---|---|---|
| শিক্ষা বৃত্তি অনুমোদন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, উপজেলায় ১০০ (একশত) জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে শিক্ষা সহযোগিতা পাবার আবেদন পাওয়া গেছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০০ (একশত) জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ৪০০০/- (চার হাজার মাত্র) শিক্ষা বৃত্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে একনিষ্ঠভাবে দায়িত্ব পালনের জন্য একান্তভাবে ধন্যবাদ জানান। সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ ও জনপ্রতিনিধিগণকে দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি উপজেলা পরিষদের আওতাধীন সকল দপ্তরসমূহকে বর্তমান সরকারের ভিশন ও মিশন বাস্তবায়নের লক্ষ্যে একযোগে কাজ করার বিষয়ে মনোযোগী হবার পরামর্শ দেন।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ইসলাম তালুকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোপালপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৪১.৯৩৩৮.০০০.০৭.০২০.১১- ৭৯৭

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। জনাব ছোট মনির, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩১, টাঙ্গাইল-২।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।

০৪। মেয়র, গোপালপুর পৌরসভা, গোপালপুর, টাঙ্গাইল।

০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল।

০৬। উপজেলা ........................................ কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল।

০৭। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল।

০৮। ..........................................................................................................

০৯। অফিস কপি।

10.08.2023

(আসফিয়া সিরাত)
উপজেলা নির্বাহী অফিসার
গোপালপুর, টাঙ্গাইল।
ফোন: +৮৮০২৯৯৭৭৫৭৬০১
email: unogopalpur@mopa.gov.bd

উপজেলা পরিষদ
গোপালপুর, টাঙ্গাইল

## সেপ্টেম্বর/২০২৩ মাসের মাসিক সভা (৫৩ তম) এর কার্যবিবরণী

স্মারক নং- ০৫.৪১.৯৩৩৮.০০০.০৭.০২০.১১- ৮৯৭ তারিখ: ১০ আশ্বিন ১৪৩০ / ২৬ সেপ্টেম্বর ২০২৩

সভাপতি: মোঃ ইউনুছ ইসলাম তালুকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোপালপুর, টাঙ্গাইল।
স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, গোপালপুর, টাঙ্গাইল।
তারিখ ও সময়: ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রি:, বেলা: ১১-০০ টা।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অত:পর আগস্ট/২০২৩ মাসের কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| প্রতিষ্ঠান/বিষয় | আলোচ্য বিষয় | আলোচনায় সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশলী, গোপালপুর | উপজেলা প্রকৌশলী, গোপালপুর সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গোপালপুর উপজেলায় ২১ (একুশ) লক্ষ ৭৯ (উনআশি) হাজার টাকা মাত্র বরাদ্দ পাওয়া গেছে। তিনি উক্ত অর্থ দ্বারা বিধিমোতাবেক উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি চলমান উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গোপালপুর উপজেলায় ২১ (একুশ) লক্ষ ৭৯ (উনআশি) হাজার টাকা মাত্র বরাদ্দ দ্বারা সংযুক্ত 'পরিশিষ্ট-ক' মোতাবেক প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, গোপালপুর |
| | তিনি আরো জানান যে, গোপালপুর উপজেলাধীন উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবন নির্মাণ কাজটি গত ০৬-০৩-২০২৩ খ্রি: তারিখে ডিজাইন মোতাবেক লে-আউট প্রদান করে শুরু করা হয়। বর্তমানে কাজের অগ্রগতি ৭০%, উল্লিখিত ভবনের PL Hight Internal Road Level হতে ডিজাইন অনুযায়ী০.৯০০ মিটার উঁচুতে দেয়া হয়েছে। ফলে প্রস্তাবিত স্থানের GL হতে PL Hight প্রায় ১.৫৫ মিটার উঁচুতে অবস্থান করছে। তাছাড়া অনুমোদিত Design Estimate অনুযায়ী কাজ বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন Item এ cc work ও Rcc work হ্রাস বৃদ্ধি ঘটেছে। এমতাবস্থায়, চলমান নির্বাহী অফিসারের বাসভবনের Site development এর জন্য অতিরিক্ত মাটি ভরাট এবং Design অনুযায়ী cc work ও Rcc work এর Quantity সংশোধন করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা -২ হতে অনুমোদনকৃত টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সংশোধিত প্রাক্কলন প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরণ করা যেতে পারে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সংশোধিত প্রাক্কলন প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, গোপালপুর |
| সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোপালপুর | জনাব সুদীপ ভট্টাচার্য, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোপালপুর টাঙ্গাইল সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। আগামী ১২ অক্টোবর থেকে ০২ নভেম্বর মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ বাস্তবায়িত হবে। এ প্রেক্ষিতে এই বাইশ দিন মা ইলিশ ধরা, পরিবহন, বিনিময় বিক্রয় ও মজুদ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এই সময়ে প্রচার-প্রচারণার পাশাপাশি মোবাইল কোর্ট ও অভিযান অব্যাহত থাকবে এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জেলেদের মধ্যে ভিজিএফ চাল বিতরণ করা হবে। এ বিষয়ে তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে সহযোগিতা করার জন্য আহ্বান জানান। তিনি বিভিন্ন জলাশয়ে চায়না জাল, কারেন্ট জাল ইত্যাদি অবৈধ জালের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান যে, এ বিষয়ে মৎস্য বিভাগের পক্ষ হতে জনসচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও উপজেলা প্রশাসনের সহযোগিতায় নিয়মিত মোবাইল কোর্ট বাস্তবায়ন করা হচ্ছে। এ বিষয়ে তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দের সহযোগীতা কমনা করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে দেশের মৎস্য সম্পদ রক্ষার্থে এই অভিযান জরুরি বিধায় অভিযানে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

<table>
<tr>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td>
<td>জনাব নাজমুন্নাহার শিমু, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, গোপালপুর সভাকে জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে গোপালপুর উপজেলায় মোট ৪০ (চল্লিশ) লক্ষ টাকা মাত্র বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থ অবকাঠামো উন্নয়ন কাজে ব্যয় করা যাবে। সে প্রেক্ষিতে তিনি নিম্নোক্ত ০৩ (তিন) টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনা প্রেরণের জন্য সভার নিকট আহ্বান জানান।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্পের নাম</th><th>প্রস্তাবিত অর্থ</th></tr>
<tr><td>০১</td><td>গোপালপুর উপজেলাধীন হেমনগর বাজারে ফিশ সেড নির্মাণ</td><td>১২,২৫,৭৬১/-</td></tr>
<tr><td>০২</td><td>গোপালপুর উপজেলাধীন হাদিরা ইউনিয়নের মাহমুদপুর বাজারে ফিশে সেড নির্মাণ</td><td>১১,২৩,৫১২/-</td></tr>
<tr><td>০৩</td><td>গোপালপুর উপজেলাধীন ঝাওয়াইল ইউনিয়নের সোনামুই বাজারে ফিশ সেড নির্মাণ</td><td>২১,২০,০০০/-</td></tr>
</table>
</td>
<td>এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বর্ণিত অবকাঠামো প্রস্তাব প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, গোপালপুরকে অনুরোধ জানানো হয়।</td>
<td>১। উপজেলা প্রকৌশলী, গোপালপুর<br>২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, গোপালপুর</td>
</tr>
<tr>
<td>স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর সভাকে জানান যে, উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী দপ্তরে এ মাসে কোন সভা অনুষ্ঠিত হয় নি। তিনি নিয়মিত ২ (দুই) মাস অন্তর উপজেলা পরিষদের সভা আয়োজনের জন্য স্থায়ী কমিটির সভাপতিদ্বয়কে অনুরোধ জানান।</td>
<td>এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রতি ০২ (দুই) মাস অন্তর অন্তর উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী দপ্তরের কমিটির সভা আহ্বান ও কার্যবিবরণী প্রস্তুত করে সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>১। সভাপতি, স্থায়ী কমিটি<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান।</td>
</tr>
<tr>
<td>বাসা ভাড়া ও গ্যাস বিল অনুমোদন</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর সভাকে জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর তাঁর জন্য নির্ধারিত উপজেলা পরিষদের অভ্যন্তরস্থ কোয়ার্টারে অবস্থান করেন না বিধায় আগস্ট/২০২৩ মাসের ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) মাসিক ভাড়া প্রাপ্তির আবেদন করেছেন। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও ১এ/১ নং বাসার আগস্ট/২০২৩ গ্যাস বিল বাবদ ২,১৬০/- (দুই হাজার একশত ষাট মাত্র) টাকা তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভার নিকট উপস্থাপন করেন।</td>
<td>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বাসা ভাড়া বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর</td>
</tr>
<tr>
<td>সম্মানী ভাতা, বেতন ও আনুসাঙ্গিক ব্যয় অনুমোদন</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর সভাকে জানান যে, ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর আগস্ট/২০২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ৪০,০০০/- (চল্লিশ হাজার মাত্র), ভ্রমণ ভাতা ৫,৬২৫/- (পাঁচ হাজার ছয়শত পঁচিশ টাকা মাত্র) ২। জনাব মীর রেজাউল হক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর সম্মানী ভাতা ২৭,০০০/- (সাতাশ হাজার টাকা মাত্র), ভ্রমণ ভাতা বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) ৩। জনাব মরিয়ম আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর সম্মানী ভাতা ২৭,০০০/- (সাতাশ হাজার টাকা মাত্র), ভ্রমণ ভাতা বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) বিল পাওয়া যায়। এছাড়া উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার মাত্র), উপজেলা পরিষদের চেয়ারম্যান কার্যালয়ের আনুসাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) এবং মেয়র, গোপালপুর পৌরসভার জুন/২০২৩ মাসের পানির বিল বাবদ ১৫,০০০/- (পনেরো হাজার মাত্র) টাকা পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়া উপজেলা পরিষদের টেকনিশিয়ান জনাব মোঃ সায়েদুজ্জামান এর আগস্ট/২০২৩ মাসের বেতন বাবদ ১৭০৫০/- (সতেরো হাজার পঞ্চাশ মাত্র), মালী জনাব মোঃ জুয়েল রানা এর আগস্ট/২০২৩ মাসের বেতন বাবদ ১৭০৫০/- (সতেরো হাজার পঞ্চাশ মাত্র) এবং ঝাড়ুদার জনাব চাপাতিয়া বাসফোর এর আগস্ট/২০২৩ মাসের বেতন বাবদ ১৭০৫০/- (সতেরো হাজার পঞ্চাশ মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। উপজেলা পরিষদের আনসার জনাব মোঃ জয়নাল আবেদীন এর আগস্ট/২০২৩ মাসের বেতন বাবদ ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জীপগাড়ির আগস্ট/২০২৩ মাসের জ্বালানী ও লুব্রিকেন্ট বাবদ প্রাপ্ত ২৪,৩০০/- (চব্বিশ হাজার তিনশত মাত্র) টাকার ভাউচার, আগস্ট/২০২৩ মাসের ইন্টারনেট বিল বাবদ প্রাপ্ত ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) পরিশোধের জন্য সভার নিকট আহ্বান জানান। এছাড়াও উপজেলা পরিষদের অভ্যন্তরস্থ পরিচ্ছন্নতা ব্যয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার মাত্র) বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট অনুরোধ জানান।</td>
<td>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে কলাম-২ এ উল্লিখিত সম্মানী/ভ্রমণ ভাতা/বেতন ও অন্যান্য আনুসাঙ্গিক ব্যয় বিধিমোতাবেক চেকের বিপরীতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর</td>
</tr>
</table>

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে একনিষ্ঠভাবে দায়িত্ব পালনের জন্য একান্তভাবে ধন্যবাদ জানান। সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ ও জনপ্রতিনিধিগণকে দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি উপজেলা পরিষদের আওতাধীন সকল দপ্তরসমূহকে বর্তমান সরকারের ভিশন ও মিশন বাস্তবায়নের লক্ষ্যে একযোগে কাজ করার বিষয়ে মনোযোগী হবার পরামর্শ দেন।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ইসলাম তালুকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোপালপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৪১.৯৩৩৮.০০০.০৭.০২০.১১- ৮৯৭

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০
২৬ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। জনাব ছোট মনির, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩১, টাঙ্গাইল-২।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।

০৪। মেয়র, গোপালপুর পৌরসভা, গোপালপুর, টাঙ্গাইল।

০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল।

০৬। উপজেলা ........................................... কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল।

০৭। চেয়ারম্যান, ............................................ ইউনিয়ন পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল।

০৮। ....................................................................................................................

০৯। অফিস কপি।

25.09.23

(আসফিয়া সিরাত)
উপজেলা নির্বাহী অফিসার
গোপালপুর, টাঙ্গাইল।
ফোন: +৮৮০২৯৯৭৭৫৭৬০১
email: unogopalpur@mopa.gov.bd